## পেশেন্ট অ্যাডভাইস অ্যান্ড লিয়াঁজো সার্ভিস (প্যালস)

আপনার যদি কোন প্রশংসা, অভিযোগ কিংবা উদ্বেগ থাকে তাহলে আমাদের প্যালস টিমের সাথে যোগাযোগ করুন:

ফোন: ০২০৭২৮৮৫৫৫১ অথবা ই-মেইল করুন:
whh-tr.whitthealthPALS@nhs.net

এই লিফলেট বড়ো অক্ষরে, অডিও কিংবা অনুবাদ আকারে পেতে চাইলে ০২০৭২৮৮৩১৮২ এই নম্বরে ফোন করুন। আপনার প্রয়োজন মেটাতে আমরা যথাসাধ্য চেষ্টা করবো।

**Twitter.com/WhitHealth**
**Facebook.com/WhittingtonHealth**

**Whittington Health NHS Trust**
**Magdala Avenue**
**London**
**N19 5NF**
**Phone: 020 7272 3070**
**www.whittington.nhs.uk**

**Date published: 30/11/20**
**Review date: 24/09/2021**
**Ref: GEN/IG/HWUYPI/02-Beng**

**© Whittington Health**
Please recycle

NHS
Whittington Health
NHS Trust

# আপনার ব্যক্তিগত তথ্য আমরা কিভাবে ব্যবহার করি

## (How we use your personal information-Bengali)

এই লিফলেটে বলা আছে:

- কেন আমরা আপনার বিষয়ে তথ্য সংগ্রহ করি এবং কিভাবে তা কাজে লাগাই
- কিভাবে আপনার ব্যক্তিগত তথ্যাবলীর গোপনীয়তা নিশ্চিত করি
- আপনার রেকর্ড দেখার ব্যাপারে আপনার অধিকারসমূহ

## তথ্যের নিরাপত্তা

গোপনীয়তা সংক্রান্ত প্রভাব সবার জীবনেই আছে। উইটিংটন হেলথ প্রতিদিন বিপুল সংখ্যক ব্যক্তিগত তথ্য-উপাত্ত সংগ্রহ, জমা ও সেগুলো ব্যবহার করে থাকে; যেমন: স্বাস্থ্য বিষয়ক রেকর্ড, ব্যক্তিগত রেকর্ড এবং কম্পিউটারে জমাকৃত তথ্যাবলী। এই সম্পর্কিত কাজের প্রয়োজনে অনেকেই এসব তথ্য-উপাত্ত ব্যবহার করে থাকেন।

আপনার ব্যক্তিগত তথ্য সুরক্ষা ও গোপনীয়তা নিশ্চিত করার দায়িত্বটুকু আমরা গুরুত্বের সাথে পালন করে থাকি। এই তথ্যসমূহ আমরা যথাযথ ও আইনসম্মত উপায়ে ব্যবহার করে থাকি। এছাড়া কম্পিউটার অথবা কাগজে সংরক্ষিত ব্যক্তিগত তথ্য-উপাত্তের গোপনীয়তা ও নিরাপত্তা বিধানে আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকি, যেটি আসলে আমাদের কর্তব্যের মধ্যে পড়ে। ট্রাস্ট বোর্ড পর্যায়ে আমরা একজন সিনিয়র ইনফরমেশন রিস্ক ওউনার নিয়োগ দিয়েছি, যিনি তথ্য-সম্পদের ব্যবস্থাপনা এবং ঐ সংক্রান্ত ঝুঁকি ও দুর্ঘটনা তদারকি করবেন। অন্যদিকে ক্যালডিকট গার্ডিয়ান হিসেবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি রোগির ব্যক্তিগত তথ্যাবলী ও গোপনীয়তা নিশ্চিত করার লক্ষ্যে মূল দায়িত্বে নিয়োজিত থাকবেন।

## আমরা কেন আপনার তথ্য সংগ্রহ করি

চিকিৎসক, নার্স এবং স্বাস্থ্যসেবা প্রদানকারী পেশাজীবীরা আপনার প্রয়োজনেই এনএইচএস-এর সেবাগ্রহীতা হিসেবে আপনার স্বাস্থ্য, চিকিৎসা ও সেবা সংক্রান্ত রেকর্ড জমা রাখেন। এই রেকর্ড আপনাকে সর্বোচ্চ সেবা নিশ্চিত করতে সাহায্য করে। এগুলোকে কাগজে লিখিত রেকর্ড কিংবা ইলেকট্রনিক উপায়ে সংরক্ষণ করা হয়ে থাকে, যার মধ্যে রয়েছে:

- আপনার সম্পর্কিত সাধারণ তথ্যাবলি, যেমন নাম, ঠিকানা, জন্ম তারিখ, আপনার নিকটজন ইত্যাদি।
- আপনার সঙ্গে যেসকল যোগাযোগ স্থাপিত হয়েছে, যেমন অ্যাপয়েন্টমেন্ট কিংবা ক্লিনিক ভিজিট
- আপনার স্বাস্থ্য, চিকিৎসা ও সেবা বিষয়ক তথ্যসূত্র ও বিবরণী
- এক্স-রে, স্ক্যান ও পরীক্ষাগারে সম্পাদিত টেস্টের ফলাফল
- আপনার সম্পর্কে জানেন কিংবা আপনার সেবা কাজে নিয়োজিত পেশাজীবি ও স্বজনদের কাছ থেকে সংগৃহীত প্রাসঙ্গিক তথ্যাবলী

## ক্লিনিক্যাল অডিট

রোগীদের সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত ক্লিনিক্যাল অডিটের প্রয়োজনে ব্যবহার করা হতে পারে। এক্ষেত্রে ব্যবহৃত তথ্যের সম্পূর্ণ গোপনীয়তা নিশ্চিত করা হয়। এ সমস্ত ক্লিনিক্যাল অডিট তথ্য-উপাত্ত উইটিংটন হেলথ সার্ভিসের স্বাস্থ্যসেবার মান উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করে থাকে।

## ডেটা কন্ট্রোলার/তথ্য নিয়ন্ত্রক

আপনার তথ্যের গোপনীয়তা নিশ্চিত করার দায়িত্বে নিয়োজিত তথ্য নিয়ন্ত্রক বা ডেটা কন্ট্রোলার:

Whittington Health
Whittington Hospital
Level 5
Highgate Wing
London
N19 5NF

## দৃষ্টি আকর্ষণ

ডেটা প্রোটেকশান অ্যাক্ট ২০১৮ অনুযায়ী প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব হলো ব্যক্তিগত তথ্যাবলী কী কাজে ব্যবহৃত হচ্ছে সে বিষয়ে তথ্য কমিশনারকে অবহিত করা। এসব তথ্যাবলী যে কেউ চাইলেই সংগ্রহ করতে পারেন:

Information Commissioner's Office
Wycliffe House
Water Lane
Wilmslow
Cheshire
SK9 5AF
টেলিফোন: ০৩০৩১২৩১১১৩
ওয়েবসাইট: www.ico.org.uk

## ফ্রিডম অব ইনফরমেশন অ্যাক্ট ২০০০

ব্যক্তিগত তথ্য ছাড়া প্রতিষ্ঠান সংক্রান্ত যে কোন তথ্যের জন্য আমাদেরকে লিখুন অথবা ই-মেইল করুন: foi.whitthealth@nhs.net

## কীভাবে আপনি আপনার রেকর্ড পেতে পারেন

ডেটা প্রোটেকশন অ্যাক্ট ২০১৮-এর অধিকার অনুযায়ী আমাদের রেকর্ডে থাকা তথ্য আপনি পেতে পারেন:

- আপনার অনুরোধ আমাদের অনলাইন আবেদনপত্রে লিখিত হতে হবে।
- সম্ভব হলে আমরা আপনার রেকর্ডের ইলেকট্রনিক ফরম্যাট পাঠাব।
- ১ মাসের মধ্যে আপনাকে সাড়া প্রদান করতে আমরা দায়বদ্ধ।
- আপনাকে যথাযথ পরিচয়পত্র [যেমন: পাসপোর্ট অথবা ড্রাইভিং লাইসেন্স] প্রদান করতে হবে, যাতে করে পরিচয় নিশ্চিত হয়ে আপনার রেকর্ড শনাক্ত করা যায়।
- তথ্যে কোন ভুল খুঁজে পেলে কিংবা আপনার কাছে যথাযথ মনে না হলে আমাদেরকে জানান।

## ন্যাশনাল ডেটা অপ্ট-আউট প্রোগ্রাম

ন্যাশনাল ডেটা অপ্ট-আউট প্রোগ্রামের মাধ্যমে আপনার তথ্য-উপাত্ত গবেষণা, পরিকল্পনা এবং এনএইচএসের পরিচালনায় ব্যবহৃত হবে কি-না সে ব্যাপারে আপনার আপত্তি তোলার অধিকার রয়েছে। একই অধিকার জিডিপিআর/ডিপিএ ১৮-এর আর্টিক্যাল ২১ অনুসারেও সংরক্ষিত।

এ ব্যাপারে বিস্তারিত তথ্য সংযুক্ত এনএইচএস ডিজিটাল ওয়েবসাইটে পেতে পারেন:

https://digital.nhs.uk/about-nhs-digital/our-work/keeping-patient-data-safe/how-we-look-after-your-health-and-care-information/your-information-choices/opting-out-of-sharing-your-confidential-patient-information

আপনার ব্যক্তিগত তথ্যাবলি সঠিক ও হালনাগাদ হওয়াটা জরুরি। আমাদেরকে ভিজিট করতে আসলে আপনার ব্যক্তিগত তথ্যাবলি সঠিক কী-না সেটি যাচাই করে দেখুন এবং যেকোন পরিবর্তন যত দ্রুত সম্ভব আমাদেরকে অবহিত করুন।

## আপনার ব্যক্তিগত তথ্য কিভাবে ব্যবহৃত হয়

আপনি যে সেবা গ্রহণ করেন সেটির সঠিক নির্দেশনা, ব্যবস্থাপনা ও সেই সেবা নিশ্চিত করতেই আপনার রেকর্ড ব্যবহৃত হয়ে থাকে:

- আপনার সেবায় নিয়োজিত চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীগণ সঠিক ও হালনাগাদ তথ্যের ভিত্তিতে আপনার স্বাস্থ্যের মূল্যায়ন ও যথাযথ সেবা নিশ্চিত করে থাকে।
- স্বাস্থ্য কর্মীগণ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আপনার স্বাস্থ্যগত মূল্যায়ন এবং স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও ধরন নির্ধারণ করে থাকে।
- কোন বিষয় নিয়ে আপনার উদ্বেগ থাকলে, সে বিষয়ে অভিযোগ উত্থাপিত হলে সঠিক তদন্তের ব্যবস্থা করা হবে।
- অন্য কোন চিকিৎসকের পরামর্শ নিতে চাইলে অথবা আপনাকে বিশেষজ্ঞের কাছে পাঠানো হলে কিংবা এনএইচএস -এর অন্য কোন বিভাগে স্বাস্থ্যসেবায় আপনার প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা হবে।

## এনএইচএস কেয়ার রেকর্ড গ্যারান্টি

কেয়ার রেকর্ড গ্যারান্টি হচ্ছে এক ধরনের দায়বদ্ধতা, যার মাধ্যমে আমরা ব্যক্তিগত রেকর্ড ব্যবহারে আপনার অধিকারকে সমুন্নত রাখার পাশাপাশি স্বাস্থ্যসেবা ও সুস্থতাকে প্রাধান্য দিয়ে থাকি।

পূর্ণাঙ্গ ডকুমেন্টের কপি পেতে হলে ব্রাউজ করুন:

www.nhscarerecords.nhs.uk/security

## কাদের সাথে আমরা ব্যক্তিগত তথ্য ভাগাভাগি করে থাকি

আপনার ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা রক্ষায় এনএইচএস-এর সাথে সংশ্লিষ্ট সকলেই আইনগতভাবে বাধ্য। একইভাবে আমাদের কাছ থেকে প্রাপ্ত তথ্যের গোপনীয়তা নিশ্চিত করাও গ্রহীতার আইনী বাধ্যবাধকতা।

আমরা মূলত যেসকল পার্টনারদের সাথে তথ্য ভাগাভাগি করবো:
- আপনার স্বাস্থ্যসেবার সাথে সম্পৃক্ত অন্যান্য এনএইচএস ট্রাস্ট ও হাসপাতালসমূহ
- লোকাল অথরিটি/স্থানীয় কর্তৃপক্ষ ও সোশ্যাল কেয়ার
- জেনরেল প্রাকটিশনার্স [জিপিসমূহ]
- অ্যাম্বুলেন্স সার্ভিসেস

এনএইচএস-এর পাশাপাশি আপনি হয়তো অন্য মানুষের কাছ থেকেও সেবা পেতে পারেন, যেমন: সোশ্যাল কেয়ার সার্ভিসেস। আপনার যথাযথ সেবা নিশ্চিত করতে এদেরকে নিয়ে একযোগে কাজ করার স্বার্থে আপনার তথ্য ভাগাভাগি করার প্রয়োজন হতে পারে। তবে সেটি করা হবে তাদের চাহিদার যথার্থতা নির্ণয় সাপেক্ষে এবং আপনার অনুমতির ভিত্তিতে।

এছাড়া, কিভাবে আপনার তথ্য ব্যবহৃত হবে সে বিষয়ে যথাযথ সম্মতি ও চুক্তি অনুসারে আরো যাদের সাথে তা ভাগাভাগি করতে পারি:
- সোশ্যাল কেয়ার সার্ভিসেস
- এডুকেশন সার্ভিসেস
- স্থানীয় সরকার
- ভলান্টারি ও প্রাইভেট সেক্টর প্রতিষ্ঠানসমূহ, যারা এনএইচএস-এর সাথে কাজ করছে

আপনার অনুমতি ছাড়া তৃতীয় কোন পক্ষের (থার্ড পার্টি) কাছে আপনার ব্যক্তিগত তথ্য প্রকাশ করবো না, যদি না কোন অস্বাভাবিক পরিস্থিতির সৃষ্টি হয়: যেমন, অন্য কারোর যদি স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকি তৈরি হয় কিংবা আইনি বাধ্যবাধকতার কারণে আমাদেরকে তথ্য প্রদান করতে হয়।

## ব্যক্তিগত তথ্যের প্রকাশ/ ডিসক্লোজার অফ ইনফরমেশন

আপনার পরিচয় প্রকাশিত হয় এমন তথ্যের কতটা আপনি প্রকাশ করবেন এবং কার সাথে তা ভাগাভাগি করা যাবে সেটি নির্ধারণ করার অধিকার আপনার রয়েছে। এই বিষয়টি পরিষ্কারভাবে আপনার রেকর্ডে উল্লেখ থাকবে, যাতে করে সকল স্বাস্থ্যকর্মী ও সংশ্লিষ্ট সকলে আপনার সিদ্ধান্ত জানতে পারে। এই সিদ্ধান্ত গ্রহণের ফলে আপনার চিকিৎসা কিংবা সেবা হয়তো খানিকটা কষ্টসাধ্য হবে এমনকি স্বাস্থ্যসেবা প্রদান করা সম্ভব না-ও যেতে পারে। ব্যক্তিগত তথ্যের প্রকাশ বা ডিসক্লোজার অফ ইনফরমেশন বিষয়ে আপনি যেকোন পর্যায়ে আপনার সিদ্ধান্ত বদলাতে পারেন।

## কিভাবে আপনার ব্যক্তিগত তথ্য এনএইচএস-এর সেবার মান উন্নয়নে ভূমিকা রাখে:

আরো যে কারণে আপনার তথ্য এনএইচএস ব্যবস্থাপনা এবং জনস্বাস্থ্য সুরক্ষায় ব্যবহৃত হয়:

- সর্বোচ্চ মান নিশ্চিত করতে আমরা যে সেবা প্রদান করে থাকি সেটির পর্যালোচনা করা
- ভবিষ্যতে যেন আমাদের সেবা রোগির চাহিদা পূরণ করতে পারে সেটা নিশ্চিত করা
- রোগির অনুসন্ধান, অভিযোগ ও আইনি দাবির তদন্ত করা
- হাসপাতাল যেন আপনাকে প্রদান করা সেবার জন্য প্রাপ্য অর্থ গ্রহণ করতে পারে
- এনএইচএস-এর পারফর্মেন্স সংক্রান্ত পরিসংখ্যান তৈরি করতে পারে
- এনএইচএস-এর হিসাবরক্ষণ ও সেবার অডিট নিশ্চিত করতে পারে
- স্বাস্থ্য গবেষণা ও উন্নয়নে উদ্যোগ গ্রহণ করতে পারে [আপনার অনুমতি সাপেক্ষে এবং এটির সাথে সম্পৃক্ত হতে চাওয়া বা না চাওয়ার বিষয়টি আপনার উপর নির্ভর করবে]
- স্বাস্থ্যসেবায় যারা নিয়োজিত, তাদের প্রশিক্ষণ ও শিক্ষাদানে সাহায্য করা [আপনার অনুমতি সাপেক্ষে এবং যুক্ত হবার বিষয়টি আপনার সম্মতির উপর নির্ভর করবে]